



শিশু নিখোঁজের ভুয়া অভিযোগে প্রশাসন দিয়ে ড্রেন পরিষ্কার করালেন নারী



ছবি: সংগৃহীত

শিশু ড্রেনে পড়ে গেছে এমন অভিযোগে এলাকায় চাঞ্চল্য ছড়ায়। পুলিশ, দমকল ও প্রশাসন টানা তিন ঘণ্টা উদ্ধার তৎপরতা চালায়। শেষে জানা যায়, পুরো ঘটনাই ছিল সাজানো; উদ্দেশ্য ছিল বহুদিনের নোংরা ড্রেন পরিষ্কার করানো। খবর ডিএইচ ডেকান হেরাল্ডের।

উত্তরপ্রদেশের মিরাতে এক নারী দাবি করেন, খোলা ড্রেনের ভেতর থেকে শিশুর কান্নার শব্দ শোনা যাচ্ছে। অভিযোগ পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়, পরে দমকল ও খননযন্ত্র এনে ড্রেন খোঁড়া শুরু হয়। দীর্ঘ অনুসন্ধানেও কোনো শিশুর সন্ধান মেলে না। স্থানীয়ভাবে খোঁজ নিয়ে প্রশাসন নিশ্চিত হয়, কোনো শিশু নিখোঁজ নেই। তদন্তে উঠে আসে, ড্রেন পরিষ্কারের জন্যই ইচ্ছাকৃতভাবে মিথ্যা তথ্য দেওয়া হয়েছিল।

প্রশাসন জানায়, ড্রেন পরিষ্কারের দাবি আগে মৌখিকভাবে উঠলেও লিখিত অভিযোগ ছিল না। শিশু নিখোঁজের মতো গুরুতর খবর পাওয়ায় দ্রুত অভিযান চালাতে হয়। ঘটনাটি সামনে আসার পর বিতর্ক শুরু হয়েছে। কেউ প্রশাসনিক তৎপরতা নিয়ে প্রশ্ন তুলছেন, কেউ আবার জনস্বার্থের অজুহাতে ভুয়া আতঙ্ক তৈরির নৈতিকতা নিয়ে কথা বলছেন। বিশেষজ্ঞদের মতে, এমন ভুয়া অভিযোগ জরুরি সেবাকে বিভ্রান্ত করে এবং সময়, শ্রম ও অর্থের অপচয় ঘটায়। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে; প্রয়োজনে সংশ্লিষ্ট নারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে প্রশাসন।